বাংলা

প্রশ্নপত্র—II

(সাহিত্য)

নির্ধারিত সময় : 3 ঘণ্টা

পূর্ণাঙ্ক : 250

প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

উত্তর লেখার পূর্বে নিম্নে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন

প্রশ্নপত্রের দুটি ভাগে সর্বমোট **আটটি (8)** প্রশ্ন আছে।

পরীক্ষার্থীকে সর্বমোট **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে।

প্রথম (1) এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক। অবশিষ্ট **তিনটি (3)** প্রশ্নের জন্য দুটি বিভাগ থেকে অন্তত একটি করে প্রশ্ন নির্বাচন করতে হবে।

প্রতিটি প্রশ্ন/প্রশ্নাংশের জন্য নির্ধারিত মূল্যাঙ্ক দেওয়া হয়েছে।

উত্তরগুলি **বাংলা** (বাংলা লিপি) অক্ষরে লিখতে হবে।

কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে।

উত্তরগুলি ক্রমানুসারে বিচার করা হবে। কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে। প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠা বা পৃষ্ঠার অংশ খালি থাকলে সেটি পরিষ্কারভাবে কেটে দিতে হবে।

BENGALI

PAPER—II

(LITERATURE)

Time Allowed : Three Hours

Maximum Marks : 250

QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS

Please read each of the following instructions carefully before attempting questions

There are EIGHT questions divided in two Sections.

Candidate has to attempt FIVE questions in all.

Question Nos. **1** and **5** are compulsory and out of the remaining, THREE are to be attempted choosing at least ONE question from each Section.

The number of marks carried by a question/part is indicated against it.

Answers must be written in BENGALI (Bengali script).

Word limit in questions, wherever specified, should be adhered to.

Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.

Optional Province · optionalprovince.com

SECTION—A

1. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার উর্ধ্বসীমা *150*) : 10×5=50

(a) ''কণ্টক গাড়ি কমলসম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরি-বারি ঢারি করি পীছল
চলতহি অঙ্গুলি চাপি॥''

(b) ''রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর॥''

(c) ''পশুর গোহারি শুনি সকল মঙ্গলা।
আশ্বাসিয়া সিংহেরে দিলেন কণ্ঠমালা॥
আজি হইতে মনে কিছু না করিহ ভয়।
না বধিবে মহাবীর কহিনু নিশ্চয়॥''

(d) ''ছিল আশা, মেঘনাদ, মুদিব অন্তিমে
এ নয়নদ্বয় তোমার সম্মুখে—
সঁপি রাজ্যভার, পুত্র তোমায়, করিব
মহাযাত্রা।''

(e) ''সত্য করে কহো মোরে হে বৈষ্ণবকবি,
কোথা তুমি পেয়েছিলে এই প্রেমচ্ছবি,
কোথা তুমি শিখেছিলে এই প্রেমগান
বিরহ-তাপিত। হেরি কাহার নয়ান,''

2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'মাথুর' বলতে কী বোঝায়? উদাহরণ সহযোগে 'মাথুর'-বিষয়ক পদের ভাব-সৌন্দর্য ও গুরুত্ব পর্যালোচনা করুন। 15

(b) কালকেতুর জন্মবৃত্তান্ত ও বাল্যলীলা অংশে কবি মুকুন্দ চক্রবর্তীর সমাজ-ভাবনার যে পরিচয় পাওয়া যায়, পাঠ্য কাব্য অবলম্বনে তা বিশ্লেষণ করুন। 15

(c) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের পঠিত অংশ অবলম্বনে গৌড়ীয় বৈষ্ণবধর্মের বিশিষ্টতার স্বরূপ ব্যাখ্যা করুন। 20

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) 'মেঘনাদবধ কাব্য'-এ কোন্ রস প্রাধান্য পেয়েছে, উদাহরণসহ আলোচনা করুন। 20

(b) 'কপালকুণ্ডলা' উপন্যাসের পরিণতি ও চরিত্র-চিত্রণে নিয়তির ভূমিকা আলোচনা করুন। 15

(c) 'সোনার তরী' কাব্যগ্রন্থের প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে 'মানসসুন্দরী'-র স্বরূপ ব্যাখ্যা করুন। 15

Optional Province · optionalprovince.com

4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সাম্যনীতি ও সমাজ-ভাবনার পরিচয় দিন। 20

(b) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছিন্নপত্রাবলী'-তে বিশ্ব-প্রকৃতির রূপ যেভাবে চিত্রিত হয়েছে, প্রাসঙ্গিক পত্র অবলম্বনে তার পরিচয় দিন। 15

(c) ''কৃষিলক্ষ্মী দেশের প্রতি সুপ্রসন্না'', তবু ''বঙ্গদেশের কৃষকের দুর্দশা'' ঘোচে না কেন? বঙ্কিমচন্দ্রের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে কারণগুলি বিশ্লেষণ করুন। 15

SECTION—B

5. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন। প্রতিটি প্রশ্ন আবশ্যিক (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার উর্ধ্বসীমা *150*) : 10×5=50

(a) ''কতবার ভেবেছি, তুমি যে রক্তকরবীর আভরণ পরো, তার একটা কিছু মানে আছে।''

(b) ''কেন এই আসা আর যাওয়া,
কেন হারাবার লাগি এতখানি পাওয়া॥
জানি না, এ আজিকার মুছে-ফেলা ছবি
আবার নূতন রঙে আঁকিবে কি তুমি, শিল্পী কবি।''

(c) ''এই নবসাহিত্য রাজধর্ম ত্যাগ করে গণধর্ম অবলম্বন করছে।''

(d) ''হাল ভেঙে যে নাবিক হারায়েছে দিশা
সবুজ ঘাসের দেশ যখন সে চোখে দেখে দারুচিনি-দ্বীপের ভিতর,
তেমনি দেখেছি তারে অন্ধকারে, বলেছে সে, 'এতদিন কোথায় ছিলেন?'
পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন।''

(e) ''মানুষের বাঁচতে হলে বিশ্বাস দরকার। ভগবানে বিশ্বাস। অদৃষ্টে বিশ্বাস। কাজে বিশ্বাস। মানুষে বিশ্বাস। বিপ্লবে বিশ্বাস। নিজের উপর বিশ্বাস ...।''

6. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) ''এই আমার ধ্বজা, আমি ভেঙে ফেলি ওর দণ্ড, তুমি ছিঁড়ে ফেলো ওর কেতন। আমারই হাতের মধ্যে তোমার হাত এসে আমাকে মারুক, সম্পূর্ণ মারুক—তাতেই আমার মুক্তি।'' এই উক্তির আলোকে রাজা চরিত্রটি ব্যাখ্যা করুন। 20

(b) অচলা চরিত্রের দ্বন্দ্ব ও স্ববিরোধ 'গৃহদাহ' উপন্যাসের মূল উপজীব্য বিষয়। পাঠ্য উপন্যাস অবলম্বনে সেই দ্বন্দ্ব ও স্ববিরোধিতার স্বরূপ ব্যাখ্যা করুন। 15

(c) ''ভারতবর্ষের নাম শুনেছ? ভানুমতী মাথা নাড়িয়া জানাইল সে শোনে নাই। কখনো কোথায় যায় নাই চকমকিটোলা ছাড়িয়া। ভারতবর্ষ কোনদিকে?'' এই উদ্ধৃতির আলোকে ভানুমতী চরিত্রটি ব্যাখ্যা করুন। 15

Optional Province · optionalprovince.com

7. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) '' 'জাগরী' উপন্যাসে রাজনীতি ও পরিবার একসূত্রে গাঁথা।'' উপন্যাস অবলম্বনে মন্তব্যটি যুক্তিসহ বিশ্লেষণ করুন। 20

(b) ''আমার কাব্যের ঋতুপরিবর্তন ঘটেছে বারে বারে। প্রায়ই সেটা ঘটে নিজের অলক্ষ্যে।'' রবীন্দ্রকাব্যের পালাবদলের দিকচিহ্ন 'নবজাতক' কাব্যগ্রন্থে কীভাবে ফুটে উঠেছে তা লিখুন। 15

(c) ''বই পড়ার অভ্যাসটা যে বদ অভ্যাস নয়, এ কথাটা সমাজকে এ যুগে মাঝে মাঝে স্মরণ করিয়ে দেওয়া আবশ্যক।'' এই উদ্ধৃতির আলোকে 'বইপড়া' প্রসঙ্গে প্রমথ চৌধুরীর বক্তব্য বিশ্লেষণ করুন। 15

8. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :

(a) জীবনানন্দ দাশের পাঠ্য কবিতা অবলম্বনে কবির প্রেমচেতনার স্বরূপ নির্ণয় করুন। 15

(b) ''ফ্রয়েডীয় মনোবিকলন তত্ত্ব মানিক বন্দ্যোপাধ্যায়কে বিশেষভাবে প্রভাবিত করেছিল।'' পাঠ্য ছোটগল্প অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করুন। 20

(c) বাদল সরকারের 'এবং ইন্দ্রজিৎ' নাটক অবলম্বনে 'লেখক' চরিত্রটির স্বরূপ নির্ণয় করুন। 15

★ ★ ★

Optional Province · optionalprovince.com